# ফির্কাহ নাজিয়া

বিভাগ/অধ্যায়ঃ তওহীদবাদী কে?

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

তওহীদবাদী কে?

উক্ত তিন প্রকার শির্ক থেকে আল্লাহকে যে পবিত্র করবে এবং তার সত্তা, ইবাদত, দুআ, এবং গুণাবলীতে তাকে একক ও অদ্বিতীয় মানবে সেই হল। তওহীদবাদী। তার জন্য রয়েছে তওহীদবাদীদের মত বিশিষ্ট মর্যাদা। আর যে ব্যক্তি ঐ তিন প্রকার শির্কের কোন এক প্রকার আল্লাহর জন্য স্থাপন করবে সে। তওহীবাদী হবে না। বরং তার পক্ষে আল্লাহ তাআলার এই বাণী সঙ্গত হবে। তিনি বলেন,

وَلَوْ أَشْرَكُوا لَحَبِطَ عَنْهُم مَّا كَانُوا يَعْمَلُونَ

অর্থাৎ, ওরা যদি শির্ক করত তাহলে ওদের সমস্ত কৃতকর্ম পণ্ড হয়ে যেত। (সূরা আনআম ৮৮ আয়াত)

তিনি আরো বলেন,

لَئِنْ أَشْرَكْتَ لَيَحْبَطَنَّ عَمَلُكَ وَلَتَكُونَنَّ مِنَ الْخَاسِرِينَ

অর্থাৎ, তুমি যদি শির্ক কর তবে তোমার আমল নিষ্ফল হবে এবং তুমি ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত হবে। (সূরা যুমার ৬৫ আয়াত)

কিন্তু যদি সে তওবা করে আল্লাহকে শরীক থেকে পবিত্র করে, তাহলে সে তওহীদবাদীদের অন্তর্ভুক্ত হবে।

হে আল্লাহ! তুমি আমাদেরকে তওহীদবাদীদের শ্রেণীভুক্ত কর এবং মুশরিক (অংশীবাদী)দের দলভুক্ত করো না।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12401

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন